**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল লফ্ট বাসিন্দাদের জন্য উল্লেখযোগ্যভাবে সুরক্ষা বৃদ্ধি করে আইন প্রণয়নের ঘোষণা করেছেন

***(S.6950/A.7667) আইন অন্তর্বর্তীকালীন একাধিক বাসস্থান ইউনিটের জন্য অপরিহার্য পরিষেবা এবং বাসযোগ্যতা ব্যাহত করা বা প্রদানে ব্যর্থ হওয়া বেআইনি করে তোলে, ভাড়াটেদের আবাসন আদালতে তাদের দাবি প্রতিষ্ঠা করতে দেয়***

***এই আইন লফ্ট বাসিন্দাদের অপরিহার্য পরিষেবা প্রদান করতে বাড়িওয়ালার ব্যর্থতার বিরুদ্ধে NYC হাউজিং কোর্টে সুরক্ষা খুঁজতে দেয়: তাপ, গরম জল, বিদ্যুৎ, গ্যাস, এবং সাধারণ বাড়িওয়ালার অবহেলা***

গভর্নর ক্যাথি হোচুল আজ সাম্প্রতিক আইন (S.6950/A.7667) ঘোষণা করেছেন যা অন্তর্বর্তীকালীন একাধিক আবাসন ইউনিটের জন্য প্রয়োজনীয় পরিষেবা এবং বাসযোগ্যতা প্রদানে ব্যাঘাত বা ব্যর্থ হওয়াকে বেআইনি করে এবং ভাড়াটেদের নিউ ইয়র্ক সিটি হাউজিং কোর্টে (New York City Housing Court) তাদের দাবি প্রতিষ্ঠা করতে আবেদন করার অনুমোদন প্রদান করে। এই বিলটি লফ্ট মালিকের অপরিহার্য পরিষেবাগুলি ব্যহত করা, প্রদান করতে অস্বীকার করা বা বন্ধ করা বা একটি একাধিক-বাসস্থান ইউনিটে বা বিদ্যমান "লফ্ট আইন" এর আওতায় থাকা কোন ভাড়াটেদের জন্য বসবাসের অযোগ্য পরিবেশ তৈরি করাকে বেআইনি করে। অপরিহার্য পরিষেবাগুলির উদাহরণের মধ্যে আছে তাপ, গরম জল, বিদ্যুৎ এবং গ্যাস। বসবাসের অযোগ্য পরিবেশের উদাহরণগুলির মধ্যে থাকতে পারে এমন একটি যেখানে অন্তর্ভুক্ত থাকতে পারে লিক, ছত্রাক, ভবন রক্ষণাবেক্ষণের অভাব যার ফলে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হয়। এই আইনটি 1 ডিসেম্বর, 2021 থেকে কার্যকর হয়েছে।

"তাপ এবং গরম জলের মতো প্রয়োজনীয় পরিষেবা সহ একটি বাড়িতে বাস করা বিলাসিতা নয় - এটি একটি মৌলিক মানবাধিকার যা প্রতিটি নিউ ইয়র্কবাসীর প্রাপ্য।" **গভর্নর হোচুল বলেন।**. "এই সাধারণ জ্ঞানের আইন ভাড়াটেদের আবাসন আদালতে প্রতিকারের প্রবেশাধিকার প্রদান করে যখন তারা প্রয়োজনীয় পরিষেবাগুলি থেকে বঞ্চিত হন, যা একটি নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িতে নিরাপদ রাখার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

**লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন,** "মামুলি, পুরানো আইনি ফাঁকফোকরের ফলে বাড়িতে অপরিহার্য পরিষেবাগুলি না পাওয়ার বিষয়ে কারও উদ্বিগ্ন হওয়া উচিত নয়। লফ্ট এবং একাধিক বাসস্থাণের ইউনিটের ভাড়াটেরা নিউ ইয়র্কের অন্যান্য বাসিন্দারা যে মৌলিক অধিকার

পান, সেই একই অধিকারগুলি পাওয়ার যোগ্য।আমি এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য বিল স্পনসর এবং গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাতে চাই।"

1982 সালে প্রণীত, একাধিক বাসস্থান আইন লফ্ট আইন প্রতিষ্ঠা করে এবং নিউ ইয়র্ক সিটিতে একটি নতুন শ্রেণীর ভবন তৈরি করে যা অন্তর্বর্তীকালীন একাধিক-বাসস্থান বা "লফ্টস" নামে পরিচিত। লফ্ট হল প্রাক্তন বাণিজ্যিক এবং উৎপাদনকারী লফ্টের জায়গা যা বাসস্থান হিসাবে ব্যবহৃত হচ্ছে। লফ্ট আইন এই স্থানগুলিকে নিরাপদ আবাসিক ইউনিটে আইনি রূপান্তরের সমন্বয়ের জন্য লফ্ট বোর্ডও প্রতিষ্ঠা করেছে।

গত বেশ কয়েক বছর ধরে, আইনিভাবে মনোনীত "লফ্টস" এর বাসিন্দারা বর্ধিত হয়রানি ও অবহেলার সম্মুখীন হচ্ছেন এবং NYC আবাসন আদালতে তাদের অভিযোগগুলি ধারাবাহিকভাবে সমাধান করতে অক্ষম হয়েছেন, যেখানে প্রায় সমস্ত অন্যান্য ভাড়াটেরা প্রতিকার পেতে সক্ষম হয়েছেন। হয়রানি এবং অবহেলার উদাহরণগুলির মধ্যে রয়েছে মৌলিক এবং অপরিহার্য পরিষেবাগুলি প্রদানে ব্যর্থতা, যেমন তাপ, গরম জল, বিদ্যুৎ এবং গ্যাস, সেই সাথে নিরাপদ এবং উপযুক্ত জীবনযাত্রার পরিস্থিতি বজায় রাখতে ব্যর্থতা: ফুটো মেরামত করা, ছত্রাকের প্রতিকার করা, এবং অন্যান্য অনুরূপ সমস্যাগুলি। আবাসন আদালতে তাদের অভিযোগের সমাধান করতে না পারার ফলে, লফ্টের ভাড়াটেরা ক্রমবর্ধমানভাবে বর্ধিত সুরক্ষার সুবিধা নিতে অক্ষম হয়েছেন যা নিউ ইয়র্ক স্টেট এবং সিটি ভাড়াটেদের জন্য বিস্তৃতভাবে আইন হিসেবে প্রণয়ন করেছে গত দশকে, যার মধ্যে আছে বিনামূল্যে প্রতিনিধিত্বের সর্বজনীন প্রবেশাধিকার নিউ ইয়র্ক সিটি আবাসন আদালতে।

সাম্প্রতিক আদালতের সিদ্ধান্তগুলি স্পষ্ট করেছে যে আবাসন আদালতে লফ্টের ভাড়াটেরা নিউ ইয়র্কের আবাসন আইন দ্বারা প্রদত্ত আরও বিস্তৃত সুরক্ষার অধীনে তাদের অধিকারগুলি সম্পূর্ণরূপে প্রতিষ্ঠা করতে পারেন না, তাদের লফ্ট বোর্ডের সামনে উপস্থিত হতে হয়, যা বাড়িওয়ালার হয়রানি এবং অবহেলার সমস্যাগুলি মোকাবেলায় সম্পূর্ণরূপে সজ্জিত করা হয়নি। এই আইনটি এই মৌলিক সমস্যার সমাধান করে এবং বাড়িওয়ালার হয়রানি থেকে লফ্টের বসবাসকারী ভাড়াটেদের জন্য সুরক্ষা প্রসারিত করে এবং স্পষ্ট করে যে তারা আবাসন আদালতে কিছু অভিযোগ করতে পারেন।

নতুন আইন এখন একটি লফ্ট বাড়ির মালিককে ভবনের অপরিহার্য প্রয়োজনীয় পরিষেবাগুলি বন্ধ করতে নিষেধ করে ভাড়াটে অ্যাপার্টমেন্টটি স্বাভাবিক করার জন্য লফ্ট বোর্ডের কাছে একটি আবেদন দাখিল করলে এবং লফট বোর্ড মামলাটির জন্য একটি ডকেট নম্বর বরাদ্দ করলে। অতিরিক্তভাবে, আইনটি লফ্ট বোর্ডে একটি মামলা বিচারাধীন থাকা অবস্থায় বাড়িওয়ালাদের লফ্টের ভাড়াটেদের উচ্ছেদ করা নিষিদ্ধ করে এবং ভাড়াটেকে লফ্ট বোর্ড ছাড়াও আবাসন আদালতে অভিযোগ দায়ের করতে দেয়। চূড়ান্তভাবে, আইনটি ভাড়াটেদের আবাসন আদালতে অভিযোগ দায়ের করার অনুমতি দেয় এবং প্রয়োজনীয় পরিষেবাগুলির বজায় রাখা আবশ্যক করে। প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সহ একটি উপযুক্ত থাকার জায়গা পাওয়া একটি সর্বজনীন অধিকার হওয়া উচিত, এবং এটি কোনোভাবেই লফ্টের ভাড়াটেদের জন্য এক অনন্য অধিকার নয়।

**সিনেটর জুলিয়া সালাজার বলেন,** "যখন 2019 সালে লফ্ট আইন পুনর্নবীকরণ এবং উন্নত করা হয়েছিল তখন উদ্দেশ্য ছিল লফ্টের ভাড়াটেদের জন্য সুরক্ষা এবং একটি ন্যায্য প্রক্রিয়া প্রদান করা। মেরামত এবং বাসযোগ্যতা সম্পর্কিত সমস্যাগুলির শুনানি আবাসন আদালতে হওয়া উচিত, লফ্ট বোর্ড দ্বারা নয়, যা এই জাতীয় প্রশ্নের সমাধান করার জন্য তৈরি নয়৷ আমি এই আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোচুলের কাছে কৃতজ্ঞ যা লফ্ট আইন সংশোধন করবে এবং লফ্ট ভাড়াটেদের অন্যান্য ভাড়াটেদের মতো নিরাপদ ও বাসযোগ্য আবাসনের একই সুরক্ষা দেবে।"

**বিধানসভার সদস্য ডেবোরা জে. গ্লিক বলেন,** "এটি হতাশাজনক যে আদালত লফ্ট আইনটির ভুল বিশ্লেষণ করেছিলেন৷ এই বিলটি নিশ্চিত করবে যে লফ্টের ভাড়াটে সহ সমস্ত ভাড়াটেদের প্রয়োজনীয় পরিষেবার অভাবের ক্ষেত্রে আবাসন আদালতের অ্যাক্সেস থাকে। এই পরিমাপটি স্পষ্ট করে যে আবাসন আদালত উপযুক্ত স্থান যখন লফ্ট ভাড়াটেরা আবাসন পরিষেবা সংক্রান্ত সমস্যাগুলির জন্য প্রতিকার চাইছেন, লফ্ট বোর্ড নয়। সিটি প্রশাসনের জোনিং পরিবর্তনগুলি পূর্ববর্তী সুরক্ষাগুলিকে বিনষ্ট করে দেওয়ার কারণে এই অ্যাক্সেসের বিষয়ে স্পষ্ট করা আরও গুরুত্বপূর্ণ। যদিও সিটি রাজ্যের আবাসন প্রবিধানগুলি উল্লেখ করেছে, এই ব্যবস্থাটি লফ্টের ভাড়াটেদের জন্য আইনি প্রতিকারের ব্যবস্থা নিশ্চিত করবে।"

**সিনেট হাউজিং কমিটির (Senate Housing Committee) চেয়ারম্যান সিনেটর ব্রায়ান কাভানাগ বলেছেন,** "সাম্প্রতিক বছরগুলিতে, আবাসন স্থিতিশীলতা এবং ভাড়াটে সুরক্ষা আইনের বিস্তৃত বিধান এবং লফ্ট আইনকে শক্তিশালী করার জন্য নির্দিষ্ট আইন প্রণয়নের মাধ্যমে, আইনসভায় আমার সহকর্মীরা এবং আমি স্পষ্ট করে দিয়েছি যে প্রতিটি নিউ ইয়র্কবাসীর স্থিতিশীল, নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য আমরা যা করা দরকার তা করব। অবশ্যই সেই প্রচেষ্টার মধ্যে একটি কার্যকর প্রতিক্রিয়া প্রদান করা অন্তর্ভুক্ত যখন কিছু অসাধু সম্পত্তির মালিকরা এমন পদক্ষেপ নেন যা তাদের ভাড়াটেদের বাড়ি বসবাসের অযোগ্য করে তোলে। আমি সেনেটর জুলিয়া সালাজার এবং অ্যাসেম্বলি মেম্বার ডেবোরা গ্লিকের প্রশংসা করি এবং ধন্যবাদ জানাই, যারা লফ্টের ভাড়াটেদের সুরক্ষার জন্য বিশেষভাবে শক্তিশালী সমর্থক ছিলেন এবং গভর্নর ক্যাথি হোচুলকে ধন্যবাদ জানাই যিনি আমাদের প্রধান নির্বাহী হিসাবে তার অল্প সময়ের মধ্যে ইতিমধ্যেই নিউ ইয়র্কবাসীদের বাড়িগুলিকে রক্ষা করার জন্য বড় অগ্রগতি করেছেন।"

**অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোইটজ বলেন,**"সমস্ত ভাড়াটেরা বাসযোগ্য থাকার জায়গা এবং প্রয়োজনীয় সুরক্ষাগুলির সমান অ্যাক্সেস পাওয়ার, সেই সাথে যখন এই অধিকারগুলি যখন অস্বীকার করা হয় তখন আইনি প্রতিকার চাওয়ার অধিকারী৷ এই নতুন আইনের অর্থ হল লফ্টের ভাড়াটেদের শেষ পর্যন্ত অন্যান্য ভাড়াটেদের মতো একই আইনি সুরক্ষা থাকবে এবং এটি করার প্রয়োজন হলে আবাসন আদালতে বিচার চাওয়ার বিকল্প থাকবে।"

**নিউ ইয়র্ক স্টেট টেন্যান্টস অ্যান্ড নেবারসের (New York State Tenants & Neighbors) জেনেসিস অ্যাকুইনোর নির্বাহী পরিচালক বলেছেন,** "এই বিলটি পাস হওয়ার অর্থ লফ্টের ভাড়াটেদের বাসযোগ্য অবস্থার অধিকার প্রয়োগ করতে ক্ষেত্রে থাকা একটি ছিদ্র বন্ধ করার চেয়েও বেশি কিছু, এটি নিউ ইয়র্ক রাজ্যে নিম্নমানের আবাসন নির্মূল করার পথে আরেক ধাপ

কাছে আমাদের নিয়ে আসে। ভাড়াটেদের নিরাপদ গৃহের অধিকারের জন্য লড়াই করে এমন একটি সংস্থা হিসাবে, NYS টেন্যান্টস অ্যান্ড নেবারস অসুরক্ষিত আবাসন পরিস্থিতি মানুষের স্বাস্থ্যের উপর যে প্রভাব ফেলতে পারে তা বোঝে এবং আমরা গভর্নর হোচুলকে লফ্ট ল্য বিলে স্বাক্ষর করার জন্য সাধুবাদ জানাই এবং স্বীকার করি যে সমস্ত ভাড়াটেরা বাসযোগ্য গৃহে জীবনযাপন করার অধিকার প্রাপ্য। আমরা অ্যাসেম্বলি সদস্য গ্লিক এবং সিনেটর সালাজারকে ধন্যবাদ জানাই এই প্রয়োজনীয় আইনটির জন্য বিলটিকে সহযোগিতামূলকভাবে পৃষ্ঠপোষকতা করার জন্য।"

**চার্চেস ইউনাইটেড ফর ফেয়ার হাউজিং (Churches United for Fair Housing) এর সিভিক এনগেজমেন্ট অ্যান্ড রিসার্চের পরিচালক হুইটনি হু বলেছেন,** "এটি ভাড়াটেদের অধিকারের জন্য একটি দুর্দান্ত জয় বিশেষ করে যেহেতু লফ্টের ভাড়াটেরা তাদের বাড়িওয়ালাদের দ্বারা প্রয়োজনীয় পরিষেবাগুলি থেকে বঞ্চিত হওয়ার ঝুঁকিতে থাকতেন৷ আমরা গভর্নর হোচুল এবং তার প্রশাসনকে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য মর্যাদাপূর্ণ থাকার জায়গা এবং সুরক্ষা নিশ্চিত করতে অগ্রসর হতে দেখে আনন্দিত। আমরা এই প্রয়োজনীয় আইনের জন্য সিনেটর জুলিয়া সালাজার এবং অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিকের অব্যাহত সমর্থন ও কাজের জন্যও কৃতজ্ঞ।"

**হাউজিং জাস্টিস ফর অলের (Housing Justice for All) ক্যাম্পেইন কোঅর্ডিনেটর, সিয়া উইভার বলেছেন,** "নিউ ইয়র্কের সমস্ত ভাড়াটেদের অবশ্যই আবাসন আদালতে উচ্ছেদ এবং অনিরাপদ জীবনযাপনের অবস্থা থেকে নিজেদের রক্ষা করার অধিকার থাকতে হবে এবং আমি সেনেটর সালাজার, অ্যাসেম্বলি সদস্য গ্লিক এবং গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই যে লফ্টের ভাড়াটেদের অন্য সকলের মতো একই অধিকার এবং সুরক্ষা রয়েছে তা নিশ্চিত করার জন্য। লফ্ট অ্যাপার্টমেন্টগুলি কয়েক দশক ধরে নিউ ইয়র্কে সাশ্রয়ী মূল্যের আবাসনের একটি গুরুত্বপূর্ণ উৎস প্রদান করেছে -- আজকের আইন এই সত্যটিকে স্বীকৃতি দেয় এবং আমাদের আশেপাশের এবং সম্প্রদায়ের হাজার হাজার ভাড়াটেদের জন্য এই গুরুত্বপূর্ণ অধিকারগুলি নিশ্চিত করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন